# সিলেট বোর্ড-২০১৯

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট  পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) শৈশব স্মৃতি

(খ) সত্যবাদিতা

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তুমি পাবনা জেলার মাহিন/মুক্তা। পরীক্ষায় কৃতিত্ব প্রদর্শনের জন্য তোমার ঢাকার বন্ধু দেলোয়ারের কাছে একটি পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি সেলিম, খুলনা জেলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। স্কুলের ভেতরে ক্যান্টিন স্থাপনের ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

**৩. সারাংশ লেখো:** ১০

(ক) অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক করো, সপ্তাহে অন্তত এক দিন মিথ্যা বলবে না। ছ মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস করো। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা করো, সপ্তাহে তুমি দুদিন মিথ্যা বলবে না। এক বছর পরে দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে যখন ইচ্ছে করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনো ইচ্ছা করো না, তাহলে সব পণ্ড হবে।

Teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) দণ্ডিতের সাথে
দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে
সর্বশ্রেষ্ঠ সে বিচার। যার তরে প্রাণ
কোনো ব্যথা নাহি পায় তারে দণ্ডদান
প্রবলের অত্যাচার। যে দণ্ডবেদনা
পুত্রেরে পারো না দিতে সে কারেও দিয়ো না
যে তোমার পুত্র নহে তারো পিতা আছে,
মহা অপরাধী হবে তুমি তার কাছে।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

(খ) পরের অভাব মনে করিলে চিন্তন
আপন অভাব ক্ষোভ রহে কতক্ষণ।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি আদিব/আদিবা। রাজশাহী কলেজিয়েট স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমাদের বিদ্যালয়ে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বর্ণনা দিয়ে প্রধান শিক্ষক বরাবরের একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তুমি লাবিব/লাবনী। দৈনিক করতোয়া পত্রিকার বগুড়া জেলা প্রতিনিধি। শিশু শ্রম বন্ধের আবশ্যকতা তুলে ধরে একটি প্রতিবেদন তৈরি করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা;

(খ) পরিবেশ সংরক্ষণে বনায়ন;

(গ) বাংলাদেশের বেকার সমস্যা ও তার প্রতিকার।

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. কোনটি জাপানি শব্দ?**
ⓚ রিক্সা ⓚh দারোগা
ⓖ চিনি ⓖh হরতাল

**২. প্রত্যক্ষ উক্তিতে কোনো চিরন্তন সত্যের উদ্ধৃতি থাকলে পরোক্ষ উক্তিতে কীসের কোনো পরিবর্তন হয় না?**
ক) পুরুষের খ) ক্রিয়ার
গ) কালের ঘ) সর্বনামের

**৩. পরবর্তী স্বর সংবৃত হলে শব্দের আদি 'অ' সংবৃত হয়। এই নিয়মে গঠিত শব্দের উদাহরণ কোনটি?**
ক) কলম খ) অতি
গ) প্রত্যয় ঘ) গুরুতর

**৪. মুলা > মুলো, শিকা > শিকে কোন স্বরসঙ্গতির উদাহরণ?**
ক) পরাগত খ) প্রগত
গ) মধ্যগত ঘ) অন্যোন্য

**৫. নিচের কোন শব্দটির বানান সঠিক?**
ক) পরিস্কার খ) পুরস্কার
গ) অভিসেক ঘ) বিসম

**৬. কোনটি বাংলা ব্যঞ্জনসন্ধির উদাহরণ?**
ক) শতেক খ) কুড়িক
গ) তিনেক ঘ) রূপালি

**৭. সাধারণ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) কুমারী খ) মানবী
গ) কোকিলা ঘ) কিশোরী

**৮. লোকটা হাড়ে হাড়ে শয়তান— বাক্যটির 'হাড়ে হাড়ে' দিরুক্তিটি কোন বিশিষ্টার্থক বাগধারায় ব্যবহৃত হয়েছে?**
ক) আধিক্য খ) সতর্কতা
গ) কালের বিস্তার ঘ) ভাবের প্রগাঢ়তা

**৯. কোনটি ক্রমবাচক সংখ্যা শব্দ?**
ক) পনেরো খ) দোসরা
গ) বারো ঘ) নবম

**১০. বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ কোনটি?**
ক) লাল লাল ফুল খ) বাজারে লোক জমেছে
গ) সকলে সব জানে না ঘ) হাঁড়ি হাঁড়ি সন্দেশ

**১১. কোন পদাশ্রিত নির্দেশকটি নির্দিষ্ট ও অনির্দিষ্টতা উভয় অর্থেই ব্যবহৃত হয়?**
ক) কেতা খ) টুকু
গ) পাটি ঘ) গাছি

**১২. কোনটি চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ?**
ক) হজযাত্রা খ) হীরকখচিত
গ) রাজপথ ঘ) বিশ্ববিখ্যাত

**১৩. 'আমি অবেলাতে দিলাম পাড়ি অথৈ সায়রে'— এখানে 'অবেলা' শব্দের 'অ' কোন উপসর্গ?**
ক) বাংলা খ) তৎসম
গ) ফারসি ঘ) হিন্দি

**১৪. বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে গঠিত ধাতুকে কী বলে?**
ক) কর্মবাচ্যের ধাতু খ) সাধিত ধাতু
গ) প্রযোজক ধাতু ঘ) নাম ধাতু

**১৫. 'অন্ত' প্রত্যয়যোগে কোন পদ গঠিত হয়?**
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ভাব বিশেষণ ঘ) ক্রিয়া বিশেষণ

**১৬. 'মানব'-এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) মনু + ষ্ণ খ) মান + অব
গ) মানু + ষ্ণ ঘ) মনু + অব

Teachingbd24.com

১৭. কোন শব্দের ব্যুৎপত্তিগত ও ব্যবহারিক অর্থ একই রকম?
ⓚ সাধিত ⓚ রূঢ়ি
ⓖ যৌগিক ⓖ যোগরূঢ়

১৮. ভাব বিশেষণ কয় প্রকার?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

১৯. কোন বাক্যে যৌগিক ক্রিয়া রয়েছে?
ক এখন যেতে পারো খ এখন গোল্লায় যাও
গ অজগরটি ফোঁসাচ্ছে ঘ আমি রাতে খাব না

২০. তিনি গতকাল হাটে যাননি। বাক্যটির ক্রিয়া কোন কালের?
ক নিত্যবৃত্ত বর্তমান
খ সাধারণ বর্তমান
গ ঘটমান বর্তমান
ঘ পুরাঘটিত বর্তমান

২১. শিক্ষার গুণ অনেক। 'গুণ' শব্দটি কী অর্থ প্রকাশ করছে?
ক ধর্ম খ ক্রিয়া
গ উপকার ঘ উৎকর্ষ

২২. দে-ধাতুর প্রথম পুরুষে ঘটমান বর্তমানের চলিতরীতির রূপ কোনটি?
ক দিতেছে খ দিত
গ দিচ্ছে ঘ দিয়েছিল

২৩. কান্নায় শোক মন্দীভূত হয়। এ বাক্যে 'কান্নায়' কোন অধিকরণ?
ক ভাবাধিকরণ খ আধারাধিকরণ
গ ঐকদেশিক ঘ বিষয়াধিকরণ

২৪. সীমার মাঝে অসীম তুমি। 'মাঝে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ক মধ্যে খ একদেশিক
গ ব্যাপ্তি ঘ সহায়

২৫. কোনটি সরল বাক্য?
ক সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।
খ মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে
গ বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।
ঘ 'যতই করিবে দান, তত যাবে বেড়ে।

২৬. 'যা পূর্বে দেখা যায়নি এমন'— এককথায় কী হবে?
ক অদৃষ্ট
খ অপূর্ব
গ দৃষ্টপূর্ব
ঘ অদৃষ্টপূর্ব

২৭. 'রাবণের চিতা'— বাগ্‌ধারাটির অর্থ কী?
ক গুরুগম্ভীর খ চির অশান্তি
গ দীর্ঘজীবী ঘ অযথা শ্রম

২৮. 'তুমি এত নীচ'— বাক্যটি দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ক বিরক্তি খ লজ্জা
গ ধিক্কার ঘ ঘৃণা

২৯. নিচের কোনটিতে থামার প্রয়োজন নেই?
ক ড্যাস খ হাইফেন
গ কোলন ঘ কমা

৩০. কোন বাচ্যে ক্রিয়াপদ সর্বদা নামপুরুষের হয়?
ক কর্তৃবাচ্যে খ কর্মবাচ্যে
গ কর্ম-কর্তৃবাচ্যে ঘ ভাববাচ্যে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com